গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.৯২

তারিখ: ২০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**২। আজ ০৩ এপ্রিল ২০২৬ সকাল ০৯:০০ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার**

**পূর্বাভাস:**

দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য কোনো সতর্কবার্তা নেই এবং কোনো সংকেতও দেখাতে হবে না।

**৩। আজ (০৩.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা হতে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস):**

সিনপটিক অবস্থা: লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

**পূর্বাভাস:**

**প্রথম দিন (০৩.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**তাপ প্রবাহ:** টাঙ্গাইল, ফরিদপুর, মানিকগঞ্জ ও নীলফামারী জেলাসহ রাজশাহী ও খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা বিস্তার লাভ করতে পারে।

**দ্বিতীয় দিন (০৪.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**তাপ প্রবাহ:** তাপ প্রবাহ অব্যাহত থাকতে পারে।

**তৃতীয় দিন (০৫.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. কমতে পারে।

**চতুর্থ দিন (০৬.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টি হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. কমতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**পঞ্চম দিন (০৭.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবনতা বাড়তে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্রগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৭.০ ফরিদপুর | ৩৭.৫ রাজশাহী | ৩৬.২ সৈয়দপুর | ৩২.৫ ময়মনসিংহ | ৩৩.৫ শ্রীমঙ্গল | ৩৫.১ বান্দরবান | **৩৮.৫ চুয়াডাঙ্গা** | ৩৫.৪ পটুয়াখালী |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২২.০ নিকলি | ২৪.৩ বদলগাছী | **১৯.৭ তেঁতুলিয়া** | ২৩.০ নেত্রকোনা | ২০.৫ সিলেট | ২২.০ বান্দরবান | ২৫.০ যশোর | ২৪.৮ খেপুপাড়া |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **চুয়াডাঙ্গা ৩৮.৫°** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **তেঁতুলিয়া ১৯.৭°** ।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুণ।

## ৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:

**(২০ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ/ ০৩ এপ্রিল, ২০২৬ খ্রি.)**

### এক নজরে হাওর অঞ্চলের নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস:

- দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার **সুরমা** ও **ধনু-বাউলাই** নদীসমূহের পানি সমতল গত ২৪ ঘণ্টায় **বৃদ্ধি** পেয়েছে, অপরদিকে ভুগাই-কংস নদীসমূহের পানি সমতল হ্রাস পেয়েছে এবং কুশিয়ারা নদীর পানি সমতল স্থিতিশীল আছে; নদীসমূহ প্রাক-মৌসুমী বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- বিগত ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকায় **মাঝারি-ভারি থেকে ভারি** ও দেশের উজানে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত পরিলক্ষিত হয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বৈশ্বিক আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকায় আগামী ০৩ দিন হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।
- উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার **সুরমা-কুশিয়ারা** নদীসমূহের পানি সমতল আগামী ০১ দিন **বৃদ্ধি** পেয়ে পরবর্তী ০২ দিন স্থিতিশীল থাকতে পারে; ভুগাই-কংস ও ধনু-বাউলাই নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন স্থিতিশীল থাকতে পারে; এবং সকল নদীসমূহ প্রাক-মৌসুমী বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে ; এই সময় অত্র অঞ্চলে বন্যা পরিস্থিতি সৃষ্টির সম্ভাবনা কম।

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

**বাংলাদেশের অভ্যন্তরে:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| সিলেট | ৫১.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুনাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চল:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| কৈলাশহর (ত্রিপুরা) | ২২.০ |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৪৬ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ২৫ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ২০ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০১ | প্রাক-মৌসুমী বিপদসীমা উপরে স্টেশন সংখ্যা | ০০ |

**৫। অগ্নিকান্ড তথ্য:**

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০১ এপ্রিল ২০২৬ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ০২ এপ্রিল ২০২৬ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ০৯টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ৮ | ০ | ০ |
| ২. | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩. | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪. | সিলেট | ০ | ০ | ০ |
| ৫. | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬. | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭. | খুলনা | ১ | ০ | ০ |
| ৮. | রংপুর | ০ | ০ | ০ |
| | **মোট** | **০৯** | **০** | **০** |

০৩-০৪-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.৯২/১ (১৭)

তারিখ: ২০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার (সকল)।

১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং
১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।